

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০৮

আগরতলা, ১৪ এপ্রিল, ২০২৪

প্রধানমন্ত্রীর সফর

আগরতলা শহরকে নো ফ্লাই জোন - রেড জোন ঘোষণা

প্রধানমন্ত্রীর আসন্ন আগরতলা সফরকে কেন্দ্র করে পুরো আগরতলা শহর এবং প্রধানমন্ত্রীর সভাস্থল এলাকাকে নো ফ্লাই জোন - রেড জোন হিসেবে ঘোষণা করা হয়েছে। জনসাধারণের নিরাপত্তার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার আজ ১৪৪ ধারায় এই আদেশ জারি করেছেন। এই আদেশে আগরতলা শহর, জনসভার স্থান ও তার চারপাশ, ভিত্তিআইপিদের আসা যাওয়ার রাস্তার উপর ড্রোন বা অন্য কোনও চালকবিহীন কিংবা স্বয়ংক্রিয় উড়ো যান চালানোর উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এই নিষেধাজ্ঞা আগামী ১৬ এপ্রিল, ২০২৪ এবং ১৭ এপ্রিল, ২০২৪ তারিখে কার্যকর থাকবে। এই নিষেধাজ্ঞা অমান্য করলে আইপিসির ১৮৮ ধারায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।
